## ক্যাম্বেলটাউন বাংলা স্কুলের স্টুডেন্ট ডে পালিত

***নিজস্ব প্রতিবেদক ॥ স***ম্প্রতি ক্যাম্বেলটাউন বাংলা স্কুলের ষ্টুডেন্ট ডে ২০০৮ অনুষ্ঠিত হয়। এ অনুষ্ঠানের মাধ্যমে স্কুলের শিক্ষিক-শিক্ষিকাদের কর্তৃক নির্বাচিত সেরা ছাত্র-ছাত্রীদের পুরস্কিত করা হয়। ২০০৮ সালের এ পুরস্কার লাভ করেন ফারিহা জহির ও মালিহা জহির। অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্য রাখেন ডঃ মির্জ্জা মনিরুল হাসান, শাহ আলম সৈয়দ, আবদুল জলিল, মাসুদ চৌধুরী, আবু নাসের, নাসরিন মোফাজ্জল ও স্কুলের শিক্ষিকা মিসেস রোকেয়া আহমেদ। পরে স্কুল কমিটির সভাপতি জনাব মোসলেম উদ্দিন মিয়া সেরা ছাত্র-ছাত্রী ফারিহা জহির ও মালিহা জহিরকে বেস পড়িয়ে দেন। অনুষ্ঠানটি পরিচালনা করেন সাধারণ সম্পাদক জনাব মোস্তাফিজুর রহমান তালুকদার। অনুষ্ঠান শেষে স্কুলের ছাত্র-ছাত্রী, অভিভাবক ও অতিথিদের জন্য বারবাকিউ এর ব্যবস্থা করা হয়।



